দৈনিক
ইনকিলাব

তারিখ ... 6 MAY 2009
পৃষ্ঠা ... ৩

শিক্ষামন্ত্রীর সাথে মতবিনিময়কালে শিক্ষক নেতৃবৃন্দ

# স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা করুন

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ সামসুল হক ও সাধারণ সম্পাদক ইনছান আলীর নেতৃত্বে একটি প্রতিনিধিদল গতকাল মঙ্গলবার সকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ-এর সঙ্গে মন্ত্রণালয়ের সভাকক্ষে মতবিনিময়কালে শিক্ষা বিষয়ক সংসদীয় কমিটিতে সহকারী শিক্ষকদের প্রথম টাইমস্কেল প্রাপ্তির পর প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার পদমর্যাদা প্রদানের সুপারিশ করায় মন্ত্রী, সংসদীয় কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জ্ঞাপন করেন। সভায় নেতৃবৃন্দ খুলনা অঞ্চলের উপ-পরিচালক পদে কলেজের লোক নিয়োগে ক্ষোভ প্রকাশ করেন এবং অনতিবিলম্বে এ নিয়োগ বাতিল করে প্রত্যেক অঞ্চলে উপ-পরিচালক পদে মাধ্যমিক শাখা হতে উক্ত পদ পূরণসহ স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা এবং মাধ্যমিক শাখায় নিয়োজিত কর্মকর্তাদের দ্রুত পদায়নের মাধ্যমে সকল শূন্যপদ অবিলম্বে পূরণের জন্য জোর দাবী জানান। শিক্ষামন্ত্রী উপরোল্লিখিত দাবীসমূহ মনোযোগসহকারে শ্রবণ করেন এবং তা বাস্তবায়নের আশ্বাস প্রদান করেন। প্রতিনিধি দলে ছিলেন আব্দুল আজিজ, এমরান আহমেদ, মনোয়ার ইকবাল, রেবেকা সুলতানা, আব্দুল্লাহ আল হারুন, জালাল উদ্দিন, বাহাউদ্দিন, ফজলুর রহমান (ভুটান), হাফিজুল ইসলাম প্রমুখ।